**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ**
**গৃহায়ন ভবন**
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.৯৯.০২১.২০(অংশ-১)- তারিখ- /১১/২০২৫ খ্রিঃ।

বিষয়ঃ "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃ নির্ধারণ।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১৩০, তারিখ-২২/০৫/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রাস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর গত ২২/০৫/২০২৫ তারিখে ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১৩০ নং স্মারকের পরিপত্রের মাধ্যমে "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃ নির্ধারণ করা হয়। সে প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৮০তম বোর্ড সভার ৩ নং ক্রমিকের সিদ্ধান্ত হয় যে, "অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ২২.০৫.২০২৫ তারিখে ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-৩)-১৩০ নং স্মারকমূলে জারিকৃত পরিপত্র অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের দৈনিক ভিত্তিতে নিয়োজিত শ্রমিকদের মজুরি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়"।

এমতাবস্থায়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর জারীকৃত পরিপত্র এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২৮০তম বোর্ড সভার ৩ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুসরণ পূর্বক কর্তৃপক্ষের বিভিন্ন দপ্তর/ডিভিশনে কর্মরত মাষ্টাররোল/ভাউচার (দৈনিক হাজিরা) ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের মজুরি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, জারিকৃত এ পরিপত্র ১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

সংযুক্ত: ০১ (এক) পাতা।

(মোঃ মুশফিকুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ফোন-+880241054594
ই-মেইল-mushfiq.nha@gmail.com

স্মারক নং-২৫.৩৮.০০০০.৩০২.৯৯.০২১.২০(অংশ-১)- ১১৭০/১(১৩) তারিখ-২০/১১/২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে।

১। সদস্য (প্রশাসন ও অর্থ)/(প্রকৌশল ও সমন্বয়)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
২। উপ-প্রধান স্থপতি, স্থাপত্য শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল/সমন্বয় ও উন্নয়ন/পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প/চট্টগ্রাম সার্কেল/রাজশাহী সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। আইন কর্মকর্তা, আইন কোষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১/২/মিরপুর গৃহসংস্থান বিভাগ-২/ ই এম ডিভিশন/পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন/খুলনা ডিভিশন/চট্টগ্রাম ডিভিশন/সিলেট ডিভিশন/ দিনাজপুর ডিভিশন/রাজশাহী ডিভিশন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৮। উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)/(অর্থ ও হিসাব)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১/২)/(ডুইপ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৯। উপবিভাগীয় প্রকৌশলী (সকল)-------------------------------------------------- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
১০। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
১১। প্রশাসনিক কর্মকর্তা, (সকল)--------------------------------------------------জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
১২। পিএ টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। অফিস কপি।

২০/১১/২৫
উপ পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-২ অধিশাখা
**www.mof.gov.bd**

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-৩)-১৩০

০৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখঃ
২২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ “দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫”-এর আওতায় শ্রমিক-এর মজুরির হার পুনঃনির্ধারণ।**

সরকারের মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এর আওতায় জরুরি কার্য সম্পাদনে সম্পূর্ণরূপে সাময়িকভাবে দৈনিক ভিত্তিতে শ্রমিক নিয়োজিতকরণের লক্ষ্যে প্রণীত “দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫” অনুযায়ী সরকার সাময়িক শ্রমিকের দৈনিক মজুরির হার নিম্নবর্ণিত শর্তে পুনঃনির্ধারণ করলঃ

| ক্রঃ নং | দপ্তরের অবস্থান | বিদ্যমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|
| | | শ্রমিকের ধরণ | দৈনিক মজুরির হার (টাকা) | শ্রমিকের ধরণ | দৈনিক মজুরির হার (টাকা) |
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) |
| ১। | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৬০০/- (ছয় শত) | দৈনিক ভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিক | ৮০০/- (আট শত) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫৭৫/- (পাঁচ শত পঁচাত্তর) | | |
| ২। | বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৬০০/- (ছয় শত) | | ৭৫০/- (সাত শত পঞ্চাশ) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) | | |
| ৩। | জেলা ও উপজেলা এলাকা | নিয়মিত দক্ষ শ্রমিক | ৫৫০/- (পাঁচ শত পঞ্চাশ) | | ৭০০/- (সাত শত) |
| | | অনিয়মিত অদক্ষ শ্রমিক | ৫০০/- (পাঁচ শত) | | |

শর্তাবলিঃ

ক) “দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫” অনুযায়ী শ্রমিক নিয়োজন, মজুরি প্রদান এবং উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিতসহ অন্যান্য নির্দেশনা অনুসরণ করতে হবে;
খ) শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দকৃত বাজেট থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে;
ঘ) উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
ঙ) এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
চ) এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এই পরিপত্র ১ জুলাই, ২০২৫ তারিখ থেকে কার্যকর হবে এবং উক্ত তারিখ হতে অর্থ বিভাগ কর্তৃক ইতঃপূর্বে জারীকৃত এতদবিষয়ক শ্রমিক মজুরি সংক্রান্ত আদেশ/পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

২২/৫/২০২৫

(ড. মোঃ ফেরদৌস আলম)
যুগ্মসচিব
ফোন: ০২-৯৫৪০২৯১
ই-মেইল: afardous@finance.gov.bd

বিতরণ:

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(২) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৩) সিনিয়র সচিব/সচিব,..............................................................................মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৪) হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(৫) অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
(৮) অফিস কপি।